## ৫২ তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতি শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতার-২০২৪ এর প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ জনাব এস. এম রাশেদুল আলম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ,
হাটহাজারী, চট্টগ্রাম।

সভার স্থান ঃ হাটহাজারী আনোয়ারুল উলুম নোমানিয়া ফাযিল মাদ্রাসা, মিলনায়তন, হাটহাজারী, চট্টগ্রাম।

তারিখ ও সময় ঃ ০২/০১/২০২৪ খ্রি. দুপুর ১২.০০টা।

### সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট-ক দ্রষ্টব্য:

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হাটহাজারী ৫২ তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রিড়া সমিতির শীতকালীন ক্রীড়া সংক্রান্ত মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা এর স্মারক নং- ৩৭.০২.০০০০.১১২.৩১.০২.১৫/১৫৫৫/৬৪ ও তারিখ ২৭/১২/২০২৩ খ্রিঃ এর পরিপত্রটি পাঠ করে শুনান। পাঠ্যান্তে পরিশিষ্ট ক তে উপস্থিত সদস্যবৃন্দের উপস্থিতিতে বিস্তারিত আলোচনাক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|
| **১। পরিপত্রটি পাঠ** | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হাটহাজারী মহাপরিচালক ঢাকা হতে প্রাপ্ত পরিপত্র টি পাঠ করে শুনান এবং এ বিষয়ে বিস্তারিত আলোচনার আহ্বান জানান। আলোচনান্তে নিম্মোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়। | **সংশ্লিষ্ট কমিটির সকল সদস্য** |
| **২। উপজেলা কমিটি গঠন** | পরিপত্রের উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সদস্যদের সমন্বয়ে উপজেলা পর্যায়ে ৫২ তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রিড়া সমিতির শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা-২০২৪ বাস্তবায়ন কমিটি গঠন করা হয়।<br>কমিটি গঠন:<br>১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাটহাজারী, চট্টগ্রাম। — সভাপতি<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হাটহাজারী, চট্টগ্রাম। — সহ-সভাপতি(১)<br>৩। ভাইস চেয়ারম্যান (পুরুষ) উপজেলা পরিষদ, হাটহাজারী, চট্টগ্রাম। — সহ-সভাপতি(২)<br>৪। ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ, হাটহাজারী, চট্টগ্রাম। — সহ-সভাপতি(৩)<br>৫। সহকারী কমিশনার (ভূমি), হাটহাজারী, চট্টগ্রাম। — সদস্য<br>৬। অফিসার ইনচার্জ, হাটহাজারী মডেল থানা হাটহাজারী, চট্টগ্রাম। — সদস্য<br>৭। উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা হাটহাজারী, চট্টগ্রাম। — সদস্য<br>৮। সাধারণ সম্পাদক হাটহাজারী উপজেলা ক্রীড়া সংস্থা। — সদস্য<br>৯। প্রধান শিক্ষক, হাটহাজারী পার্বতী মডেল সরকারী উচ্চ বিদ্যালয়, — সদস্য<br>১০। প্রধান শিক্ষক, ফতেয়াবাদ আদর্শ বহুমুখী উচ্চ বিদ্যালয়, — সদস্য<br>১১। প্রধান শিক্ষক, কাটিরহাট উচ্চ বিদ্যালয় — সদস্য<br>১২। প্রধান শিক্ষক, মাদর্শা বহুমুখী উচ্চ বিদ্যালয় — সদস্য<br>১৩। প্রধান শিক্ষক, ফতেপুর মেহেরনেগা উচ্চ বিদ্যালয় — সদস্য<br>১৪। প্রধান শিক্ষক, বায়তুশ শরফ আদর্শ দাখিল মাদ্রাসা — সদস্য<br>১৫। প্রধান শিক্ষক, আলমপুর আদর্শ উচ্চ বিদ্যালয় — সদস্য<br>১৬। প্রধান শিক্ষক, নাঙ্গলমোড়া উচ্চ বিদ্যালয় — সদস্য<br>১৭। প্রধান শিক্ষক, নগেন্দ্রনাথ মহাজন উচ্চ বিদ্যালয় — সদস্য<br>১৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হাটহাজারী — সম্পাদক | **৫২ তম বাংলাদেশ স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা-২০২৪ মনিটরিং** |
| **৩। তারিখ ও সময় নির্ধারণ** | ১। ৫২ তম বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রিড়া সমিতির শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা উপজেলা পর্যায়ে আগামী ১৫/০১/২০২৪ খ্রিঃ তারিখ থেকে ২১/০১/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত অনুষ্ঠিত হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। সাব জোনের খেলা অ্যাথলেটিক্স (ছাত্র-ছাত্রী) দড়িলাফ ইভেন্টসহ, হকি (ছাত্র-ছাত্রী), ক্রিকেট (ছাত্র-ছাত্রী), বাস্কেটবল (ছাত্র-ছাত্রী), ভলিবল (ছাত্র-ছাত্রী), ব্যাডমিন্টন একক ও দ্বৈত (ছাত্র-ছাত্রী), টেবিল টেনিস একক ও দ্বৈত (ছাত্র-ছাত্রী) ও সাইক্লিং (ছাত্র-ছাত্রী) প্রতিযোগিতা ১৫/০১/২০২৪ খ্রি. তারিখ থেকে ১৭/০১/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত অনুষ্ঠিত হবে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩। উপজেলা সকল খেলা ৪টি সাব জোনে অনুষ্ঠিত হবে। সাব জোন গুলি হলো-<br>১) হাটহাজারী সদর জোন<br>২) কাটিরহাট জোন | **সংশ্লিষ্ট উপকমিটির সকল সদস্য** |

| | | |
|---|---|---|
| | ৩) ফতেয়াবাদ জোন ও<br>৪) মাদার্শা জোন<br>৪। জোনের সেমি ফাইনাল ও ফাইনাল খেলা:<br>২০/০১/২০২৪ খ্রি. থেকে ২১/০১/২০২৪ খ্রি. তারিখ অ্যাথলেটিক্স (ছাত্র-ছাত্রী) দড়িলাফ ইভেন্টসহ, হকি (ছাত্র-ছাত্রী), ক্রিকেট (ছাত্র-ছাত্রী), বাস্কেটবল (ছাত্র-ছাত্রী), ভলিবল (ছাত্র-ছাত্রী), ব্যাডমিন্ট একক ও দ্বৈত (ছাত্র-ছাত্রী), টেবিল টেনিস একক ও দ্বৈত (ছাত্র-ছাত্রী) ও সাইক্লিং (ছাত্র-ছাত্রী) প্রতিযোগিতা ফাইনাল খেলা সকাল ০৯.০০ টা থেকে দুপুর ৪.০০ টা পর্যন্ত হাটহজারী পার্বতী মডেল সরকারি উচ্চ বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত হবে। আগামী ২১/০১/২০২৪ খ্রি. তারিখ বিকাল ৪.০০ ঘটিকার সময় উপজেলা পরিষদ মিলানায়তনে খেলা শেষে পুরষ্কার বিতরণ করা হবে মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৫। প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠান থেকে উল্লেখিত ইভেন্ট সমূহে ১ম স্থান অধিকারকারী শিক্ষার্থীদের নামের তালিকা বিধি মোতাবেক প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও সীলসহ জোন ভিত্তিক সংশ্লিষ্ট জোনের আহ্বায়কের নিকট **আগামী ১৮/০১/২০২৪ খ্রি. তারিখের** মধ্যে জমা দেয়ার সিদ্ধান্ত নেয়া হয়। | |
| **৪। প্রতিযোগীর বৈশিষ্ঠ্য** | বিস্তারিত আলোচনার ভিত্তিতে সিদ্ধান্ত গৃহীত হয় যে, প্রতিযোগিতায় অংশ্রগহণকারীদের অবশ্যই নিয়মিত ছাত্র/ছাত্রী হতে হবে। ২০২৩ সালের এস.এস.সি ও দাখিল পরীক্ষায় অংশগ্রহণকারী ছাত্র/ছাত্রী পাশ অথবা ফেল যাই হউক প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে না। প্রতিযোগীদের "নামের তালিকার সঙ্গে দল ভিত্তিক খেলার জন্য গ্রুপ ছবি ৮R(৮''×১০'') রঙিন ৫ কপি এবং একক খেলার জন্য পাসপোর্ট সাইজের রঙিন ছবি ৫ কপি জমা দিতে হবে। এ ছাড়া সংযুক্ত পরিশিষ্ট 'ক' এবং পরিশিষ্ট 'চ' এবং ০২/০৯/২০২৩ খ্রি. তারিখের প্রজ্ঞাপন অবশ্যই অনুসরণ করতে হবে। এ ছাড়া সকল শিক্ষা প্রতিষ্ঠানের অংশ গ্রহণ বাধ্যতামূলক। উল্লেখ্য যে, বহিরাগত কোন শিক্ষার্থী প্রতিযোগীতায় অংশগ্রহণ করতে পারবে না এবং যদি কোন শিক্ষা প্রতিষ্ঠানে বহিরাগত কোন শিক্ষার্থী চিহ্নিত হয় তবে সেই শিক্ষা প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>**প্রতিযোগীর বৈশিষ্ট্যাবলীঃ-**<br>১। মধ্যম গ্রুপ (ছাত্র-ছাত্রী) ৬ষ্ঠ শ্রেণি থেকে ৮ম শ্রেণি পর্যন্ত অনুর্ধ্ব ১৪ বছর (৪'-৯" পর্যন্ত)। সিনিয়র গ্রুপ (ছাত্র-ছাত্রী) ৯ম শ্রেণি থেকে ১০ শ্রেণি পর্যন্ত অনুর্ধ্ব ১৭ বছর (৫'-৩" পর্যন্ত) অংশ গ্রহণ করতে পারিবে। কোন ক্রমেই ১৭ বছরের বেশী বয়সের কোন শিক্ষার্থী প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে না। প্রতিষ্ঠান প্রধান উল্লেখিত বিষয়টি নিশ্চিত করবেন। এই নিয়মের ব্যতিক্রম করলে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। ৬ষ্ঠ হতে ৮ম শ্রেণির ছাত্র-ছাত্রীদের জন্য পিএসসি পরীক্ষার প্রবেশ পত্র ও পাশের মূল সনদ এবং ৯ম ও ১০ম শ্রেণির ছাত্র-ছাত্রীদের জন্য জেএসসি/জেডিপি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড, প্রবেশ পত্র ও পাশের মূল সনদের কপি প্রদর্শন পূর্বক এবং ফটোকপি প্রতিষ্ঠান প্রধান কর্তৃক (ইনডেক্স নম্বর ও নামাঙ্কিত সীল সহ) সত্যায়িত করে জমা প্রদান বাধ্যতামূলক করা হয়েছে, অন্যথায় কোনো অবস্থায় খেলায় অংশগ্রহণ করতে দেয়া হবে না। | **সংশ্লিষ্ট কমিটির সকল সদস্য** |
| **৫। আর্থিক অনুদান** | বিস্তারিত আলোচনান্তে শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা ২০২৪ পরিচালনার জন্য সরকার হতে পর্যাপ্ত বাজেট বরাদ্দ না আসায় ক্রীড়া প্রতিযোগিতা পরিচালনার জন্য প্রত্যেক শিক্ষার্থী প্রতি ৫/- (পাঁচ) টাকা হারে আর্থিক অনুদান এবং বছরে প্রতিষ্ঠান প্রতি ৫০০/- (পাঁচশত) টাকা জেলা ক্রীড়া ফি প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। আর্থিক অনুদান সঠিক শিক্ষার্থীর সংখ্যার নিরিক্ষে **আগামী ১৩/০১/২০২৪ খ্রি.** তারিখে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে নগদ টাকা জমা দিয়ে রশিদ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। **উল্লেখ্য যে আগামী গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতা ২০২৪ থেকে শিক্ষার্থী প্রতি ১০/- (দশ) টাকা হারে আর্থিক অনুদান প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত নেয়া হয়।** | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও সকল প্রতিষ্ঠান প্রধান** |
| **৬। আইনশৃঙ্খলা** | প্রতিযোগিতা চলাকালীন সময়ে আইন শৃঙ্খলা রক্ষার প্রয়োজনীয় পুলিশ ফোর্স মোতায়নের জন্য অফিসার ইনচার্জ হাটহাজারী মডেল থানাকে অনুরোধ জানানো হলো। | **সংশ্লিষ্ট উপজেলা কমিটি** |
| **৭। শৃঙ্খলা উপ-কমিটি** | ১। সহকারি কমিশনার (ভূমি), হাটজারী, চট্টগ্রাম।<br>২। উপজেলা একাডেমিক সুপারভাইজার, হাটহাজারী, চট্টগ্রাম।<br>৩। সকল সাব জোনের আহ্বায়ক<br>৪। প্রধান শিক্ষক, নাঙ্গলমোড়া উচ্চ বিদ্যালয়<br>৫। অফিসার ইনচার্জস, হাটহাজারী মডেল থানা, হাটহাজারী, চট্টগ্রাম। | **সংশ্লিষ্ট উপজেলা কমিটি** |
| **৮। স্বাস্থ্যসেবা** | প্রতিযোগিতা চলাকালীন সময়ে চিকিৎসা সেবা প্রদানের জন্য মেডিকেল টীম প্রেরণের জন্য উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | **সংশ্লিষ্ট উপজেলা কমিটি** |
| **৯। জোন বিভাজন ও জোন কমিটি গঠন** | সকল খেলা ৪টি জোনে অনুষ্ঠিত হবে। জোন গুলি হলো-<br>১) হাটহাজারী পার্বতী মডেল সারকারি উচ্চ বিদ্যালয় ২) কাটিরহাট উচ্চ বিদ্যালয় ৩) ফতেয়াবাদ আদর্শ বহুমুখী উচ্চ বিদ্যালয় ও ৪) মাদার্শা বহুমুখী উচ্চ বিদ্যালয়। বরাবরের মত কেন্দ্রিয়ভাবে ৪টি জোনের চ্যাম্পিয়ন দলগুলি নিয়ে সেমি ফাইনাল ও ফাইনাল খেলা হাটহাজারী পার্বতী মডেল সরকারি উচ্চ বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত হবে। ফাইনাল খেলার আহ্বায়কের দায়িত্বে থাকবেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার। | **সংশ্লিষ্ট উপজেলা কমিটির সকল সদস্য** |

| | | |
|---|---|---|
| | **হাটহাজারী পার্বতী মডেল সারকারি উচ্চ বিদ্যালয়/সাবজোন উপ-কমিটিরঃ**<br>প্রধান শিক্ষক- হাটহাজারী পার্বতী মডেল সরকারি উচ্চ বিদ্যালয়- আহ্বায়ক<br>ক্রীড়া শিক্ষক ঃ হাটহাজারী পার্বতী মডেল সরকারি উচ্চ বিদ্যালয় সদস্য সচিব<br>সাব জোনের সকল প্রতিষ্ঠানের ক্রীড়া শিক্ষক বৃন্দ-- সদস্য<br>**কাটিরহাট উচ্চ বিদ্যালয়/সাবজোন উপ-কমিটিরঃ**<br>প্রধান শিক্ষক- কাটিরহাট উচ্চ বিদ্যালয়- আহ্বায়ক<br>ক্রীড়া শিক্ষক ঃ কাটিরহাট উচ্চ বিদ্যালয় সদস্য সচিব<br>সাব জোনের সকল প্রতিষ্ঠানের ক্রীড়া শিক্ষক বৃন্দ-- সদস্য<br>**ফতেয়াবাদ আদর্শ বহুমুখী উচ্চ বিদ্যালয়/সাবজোন উপ-কমিটিরঃ**<br>প্রধান শিক্ষক- ফতেয়াবাদ আদর্শ বহুমুখী উচ্চ বিদ্যালয়- আহ্বায়ক<br>ক্রীড়া শিক্ষক ঃ ফতেয়াবাদ আদর্শ বহুমুখী উচ্চ বিদ্যালয় সদস্য সচিব<br>সাব জোনের সকল প্রতিষ্ঠানের ক্রীড়া শিক্ষক বৃন্দ-- সদস্য<br>**মাদার্শা বহুমুখী উচ্চ বিদ্যালয়/সাবজোন উপ-কমিটিরঃ**<br>প্রধান শিক্ষক- মাদার্শা আদর্শ বহুমুখী উচ্চ বিদ্যালয়- আহ্বায়ক<br>ক্রীড়া শিক্ষক ঃ মাদার্শা আদর্শ বহুমুখী উচ্চ বিদ্যালয় সদস্য সচিব<br>সাব জোনের সকল প্রতিষ্ঠানের ক্রীড়া শিক্ষক বৃন্দ-- সদস্য | |
| **১০। ভেন্যু নির্ধারণ** | ক) হাটহাজারী সাব জোন ভেন্যু- হাটহাজারী পার্বতী মডেল সরকারি উচ্চ বিদ্যালয় মাঠ<br>খ) কাটিরহাট সাব জোন ভেন্যু- কাটিরহাটউচ্চ বিদ্যালয় মাঠ<br>গ) ফতেয়াবাদ সাব জোন ভেন্যু- ফতেয়াবাদ আদর্শ বহুমুখী উচ্চ বিদ্যালয় মাঠ<br>ঘ) মাদার্শা সাব জোন ভেন্যু- মাদার্শা বহুমুখী উচ্চ বিদ্যালয় মাঠ | **সংশ্লিষ্ট কমিটির সকল সদস্যবৃন্দ** |
| **১১। প্রতিযোগিতার ক্রয় উপ-কমিটি** | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হাটহাজারী। আহ্বায়ক<br>২। প্রধান শিক্ষক, হাটহাজারী পার্বতী মডেল সরকারি উচ্চ বিদ্যালয় সদস্য<br>৩। প্রধান শিক্ষক, ফতেয়াবাদ উচ্চ বিদ্যালয় সদস্য<br>৪। প্রধান শিক্ষক, ফতেপুর মেহেরনোগা উচ্চ বিদ্যালয় সদস্য<br>৫। প্রধান শিক্ষক, আলমপুর আদর্শ উচ্চ বিদ্যালয় সদস্য<br>৬। প্রধান শিক্ষক, মীর নোয়াবুল হক উচ্চ বিদ্যালয় সদস্য<br>৭। প্রধান শিক্ষক, কাটিরহাট উচ্চ বিদ্যালয় সদস্য<br>৮। প্রধান শিক্ষক, নাঙ্গলমোড়া উচ্চ বিদ্যালয় সদস্য সচিব | **সংশ্লিষ্ট কমিটির সকল সদস্যবৃন্দ** |
| **১২। আপীল কমিটি** | ১। সহকারি কমিশনার (ভূমি), হাটহাজারী, চট্টগ্রাম। আহ্বায়ক<br>২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হাটহাজারী সদস্য<br>৩। সম্পাদক, হাটহাজারী উপজেলা ক্রীড়া সংস্থা সদস্য<br>৪। প্রধান শিক্ষক, আলমপুর আদর্শ উচ্চ বিদ্যালয় সদস্য<br>৫। প্রধান শিক্ষক, কাটিরহাট উচ্চ বিদ্যালয় সদস্য<br>৬। প্রধান শিক্ষক, হাটহাজারী বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ সদস্য<br>৭। প্রধান শিক্ষক, হাটহাজারী পার্বতী মডেল সরকারি উচ্চ বিদ্যালয় সদস্য<br>৮। প্রধান শিক্ষক, নাঙ্গলমোড়া উচ্চ বিদ্যালয় সদস্য<br>৯। প্রধান শিক্ষক, আলীপুর রহমানীয়া স্কুল এন্ড কলেজ সদস্য<br>১০। প্রধান শিক্ষক, নগেন্দ্রনাথ মহাজন উচ্চ বিদ্যালয় সদস্য<br>১১। প্রধান শিক্ষক, মির্জাপুর উচ্চ বিদ্যালয় সদস্য সদস্য | **সংশ্লিষ্ট উপজেলা কমিটি** |
| **১১। বাজেট বরাদ্দ** | শিক্ষা প্রতিষ্ঠান হইতে গৃহীত চাঁদা নিম্নোক্তভাবে বিভাজনপূর্বক খরচের সিদ্ধান্ত গৃহীত হয়<br>১) হাটহাজারী সাব জোন খরচ বাবদ- ১০,০০০/-<br>২) কাটিরহাট সাব জোন খরচ বাবদ- ১০,০০০/-<br>৩) ফতেয়াবাদ সাব জোন খরচ বাবদ- ১০,০০০/-<br>৪) মাদার্শা সাব জোন খরচ বাবদ- ১০,০০০/-<br>৫) সেমি ফাইনাল ও ফাইনাল জোন খরচ বাবদ- ১০,০০০/-<br>৬) পুরস্কার ক্রয় বাবদ ১,০০,০০০/-<br>৭) আপ্যায়ন খরচ ১৫,০০০/-<br>৮) সনদপত্র, দাওয়াতপত্র বাবদ ১০,০০০/-<br>৯) ব্যানার ও মাইক ৫,০০০/-<br>১০) বিবিধ ৫,০০০/-<br>**মোট টাকা** **১,৮৫,০০০/-**<br>**কথায়ঃ এক লক্ষ পঁচাশি হাজার টাকা মাত্র।**<br><br>বি:দ্র: প্রতিযোগিতা সম্পন্ন হওয়ার সাথে সাথে জোন ভিত্তিক খরচের | **সংশ্লিষ্ট কমিটির সকল সদস্য ও সকল শিক্ষা প্রতিষ্ঠান।** |

| | | | |
|---|---|---|---|
| | ভাউচার সমূহ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়ে জমা দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | | |

বিবিধঃ চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাটহাজারী, চট্টগ্রাম, তাঁহার বক্তব্যে বলেন আন্তরিক ভাবে প্রতেকটা কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়ন করলে উপজেলা পরিষদ থেকে সার্বিক সহযোগিতা প্রদান করা হবে। তাছাড়া সভাপতি প্রত্যেকটা ক্রীড়া প্রতিযোগিতা সুন্দর ভাবে বাস্তবায়নের জন্য পূর্ব থেকে সময় নিয়ে প্রস্তুতি গ্রহণ করার উপর জোর দেন।

সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন এবং গৃহীত সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।

**(এস. এম. রাশেদুল আলম)**
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাটহাজারী
ও
সভাপতি
বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি ক্রীড়া সমিতি
হাটহাজারী, চট্টগ্রাম।

স্মারক নং- ৩৭.০২.১৫৬১.১০১.০৫১৬.২৩-৪০৩(৮০) তারিখঃ ০২/০১/২০২৪ খ্রিঃ

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার অনুসারে নয়):**

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম।
৩. জেলা প্রসাশক, চট্টগ্রাম।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাটহাজারী, চট্টগ্রাম।
৫. জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম।
৬. উপজেলা নির্বাহী অফিসার, হাটহাজারী, চট্টগ্রাম।
৭. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হাটহাজারী, চট্টগ্রাম।
৮. অফিসার ইনচার্জস, হাটহাজারী, মডেল থানা, চট্টগ্রাম।
৯. অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার....................................................বিদ্যালয়/মাদ্রাসা/স্কুল এন্ড কলেজ
১০. জনাব....................................................... ।
১১. অফিস নথি।

০২/০১/২০২৪ খ্রি.
(মোঃ মাইনুদ্দিন মজুমদার)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
হাটহাজারী, চট্টগ্রাম।
ও
সম্পাদক
বাংলাদেশ জাতীয় স্কুল ও মাদ্রাসা ক্রীড়া সমিতি।
হাটহাজারী, চট্টগ্রাম।